দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT 02 2006 ...
পৃষ্ঠা 7 কলাম ৫ ...

অবিশ্বাস্য তাড়াহুড়ো

# মাত্র ২ ঘণ্টায় ৫টি বিলের রিপোর্ট চূড়ান্ত

সংসদ রিপোর্টার

অবিশ্বাস্য তাড়াহুড়ো করে মাত্র দু'ঘণ্টায় শিক্ষ
মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি ৫টি বিলের
ওপর চূড়ান্ত রিপোর্ট প্রদান করেছে। এ
বিলগুলো হচ্ছে- শহীদ জিয়াউর রহমান
বিশ্ববিদ্যালয়, বরিশাল বিল-২০০৬,
কারমাইকেল বিশ্ববিদ্যালয় বিল-২০০৬,
ইসলামিক বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল-
২০০৬, মাদ্রাসা শিক্ষা (সংশোধন) বিল-
২০০৬ ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় বিল-

## অবিশ্বাস্য তাড়াহুড়ো

*প্রথম পৃষ্ঠার পর*

এ বিলগুলো শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক গ
২৭ সেপ্টেম্বর জাতীয় সংসদে উত্থাপন করেন
বিলগুলো উত্থাপনের পর ওগুলো পরীক্ষা
নিরীক্ষা করে রিপোর্ট প্রদানের জন্য শিক্ষ
মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে
প্রেরণ করা হয়। বিলগুলোর ব্যাপারে দ্রু
রিপোর্ট প্রদানের জন্য পরদিন অর্থাৎ ২
সেপ্টেম্বর শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থা
কমিটির সভা আহ্বান করা হয়। মাত্র দু'ঘণ্টা
তাড়াহুড়ো করে ৫টি গুরুত্বপূর্ণ বিলের ওপ
রিপোর্ট চূড়ান্ত করে সংসদীয় স্থায়ী কমিটি
বিষয়টি কমিটির দু'জন সদস্য দৈনি
ইনকিলাবের কাছে স্বীকার করেন।

গতকাল সংসদে জিয়াউর রহমা
বিশ্ববিদ্যালয়সহ এ ৫টি বিলের স্থায়ী কমিটি
রিপোর্ট উপস্থাপন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণাল
সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি সামসু
আলম প্রামানিক এ বিলগুলোর রিপোর্ট সংসদ
উপস্থাপন করেন।